# Times Today BD

মঞ্জুরুল ইসলাম | ময়মনসিংহ | 20 May, 2025

ময়মনসিংহের ঈশ্বরগঞ্জ উপজেলায় একরাতে চার কৃষকের ১১ গরু চুরির ঘটনা ঘটেছে।কোরবানী ঈদের আগে গরু চুরির ঘটনায় এলাকার কৃষকদের মাঝে আতঙ্ক বিরাট করছে।

গত রবিবার দিবাগত রাতে উপজেলার আঠারবাড়ী ইউনিয়নের দশাশিয়া গ্রামে এ চুরির ঘটনা ঘটে।

পুলিশ ও স্থানীয় সুত্র জানায়, আঠারবাড়ী ইউনিয়নের দশাশিয়া গ্রামের মো. আবু বকর সিদ্দিকের ৬ গরু, তার ভাই মো. সুলতানের ১ গরু, একই এলাকার আবুল বাশারের ২ গরু ও মো. ইসরাফিলের ২টি গরু চুরি হয়েছে।চুরি যাওয়া এসব গরুর আনুমানিক মূল্য ২০ লাখ টাকা হবে বলে জানিয়েছেন ভুক্তভোগীরা।

ঈশ্বরগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ওবায়দুর রহমান বলেন, গরু চুরির খবর শোনার সাথে সাথে ফাঁড়ির দায়িত্বরত পুলিশ কর্মকর্তাকে ঘটনাস্থলে পাঠানো হয়েছে।চুরি যাওয়া গরু উদ্ধারে পুলিশ সর্বোচ্চ তৎপরতা অব্যাহত রেখেছে।

কৃষক গরু চুরি চুরি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 03:34

URL: https://www.timestodaybd.com/public/mymensingh/7758072764